

আপীল নং-৮১/২০২১

তারিখঃ ১৩/০৪/২০২১

আদেশের ক্রমিক নং ও তারিখ	আদেশ ও কর্মকর্তার স্বাক্ষর	আদেশের উপর গৃহীত ব্যবস্থা
১৭/০৬/২০২১	<p>অদ্য শুনানী গ্রহণ করা হ'ল। আপীলকারীর প্রতিনিধি জনাব মো: জাকির চৌধুরী হাজির হয়ে মৌখিক বক্তব্য প্রদান করেন। মৌখিক বক্তব্য শুনলাম। আপীলকারীর প্রতিনিধি জানান যে, এজেন্সীটির নবায়ন আবেদনের মেয়াদ উত্তীর্ণের তারিখ ছিল ০২/১০/২০১৮ পর্যন্ত। এজেন্সীটি নবায়ন আবেদন দাখিল করেছে ০৬/০৪/২০২১ তারিখ। তাঁদের ট্রাভেল এজেন্সীর নবায়ন আবেদন নির্ধারিত সময়ে দাখিল না করার কারণে ০৭/০৪/২০২১ তারিখে নবায়ন আবেদনটি বাতিল হয়ে যায়। উক্ত বাতিল আদেশের বিরুদ্ধে ১৩/০৪/২০২১ তারিখ আপীল দায়ের করেন। বিধি অনুযায়ী আবেদন বাতিলাদেশের ৬০ দিনের মধ্যে আপীল দায়ের করেছেন। শুনানীর সময় এজেন্সীর মালিকের প্রতিনিধি জানান যে, অসাধনতার কারণে নবায়ন আবেদন নির্ধারিত সময়ে দাখিল করতে পারিনি। এছাড়া আপীলকারী নিবন্ধন সংশ্লিষ্ট কাগজপত্রাদি প্রদর্শন/দাখিল করেন।</p> <p>আপীলকারীর প্রতিনিধির বক্তব্য পর্যালোচনা করে জানা যায় যে, এজেন্সীটির নিবন্ধন আবেদনের মেয়াদ উত্তীর্ণের তারিখ ছিল ০২/১০/২০১৮ পর্যন্ত। এজেন্সীটি নবায়ন আবেদন দাখিল করেছে ০৬/০৪/২০২১ তারিখ। অর্থাৎ নির্ধারিত সময়ে চেয়ে প্রায় ০২ (দুই) বছর, ০৬(ছয়) মাসের অধিক বিলম্বে নবায়নের আবেদন দাখিল করেন। নির্ধারিত সময়ের প্রায় ০২ (দুই) বছর, ০৬(ছয়) মাসের অধিক বিলম্বে নিবন্ধন আবেদনপত্র দাখিল বিষয়ে আপীলকারী উল্লেখযোগ্য কারণ প্রদর্শনে ব্যর্থ হন। তাই নিবন্ধন কর্তৃপক্ষ কর্তৃক নিবন্ধন আবেদন বাতিলাদেশ যথাযথ হয়েছে মর্মে প্রতিয়মান হয়।</p> <p>বাংলাদেশ ট্রাভেল এজেন্সি (নিবন্ধন ও নিয়ন্ত্রণ) আইন ২০১৩" এর ১০ ধারা এবং " বাংলাদেশ ট্রাভেল এজেন্সি (নিবন্ধন ও নিয়ন্ত্রণ) বিধিমালা, ২০১৪ এর বিধি ১১ এর বিধান অনুযায়ী আপীল আবেদনটি "নামঞ্জুর" পূর্বক নিবন্ধন কর্তৃপক্ষ কর্তৃক ০৭/০৪/২০২১তারিখের নিবন্ধন আবেদন বাতিলের আদেশটি বহাল রাখা হল। সংশ্লিষ্ট সকলকে অবহিত করা হোক।</p> <p>স্বাক্ষরিত-১৭/০৬/২০২১ মিজানুর রহমান অতিরিক্ত সচিব</p> <p>গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার বেসামরিক বিমান পরিবহণ ও পর্যটন মন্ত্রণালয় অতিরিক্ত সচিব(প্রশা: পর্যঃ ও নিয়ন্ত্রক) এর দপ্তর</p> <p>নং-৩০.০০.০০০০.০০৩.৯৯.০৮১.২০২১- ২৩৯</p> <p>তারিখঃ ১৭/০৬/২০২১ইং</p> <p>অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):-</p> <ol style="list-style-type: none"> ১) সিনিয়র সচিব/সচিব, জননিরাপত্তা বিভাগ/সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়/প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়/ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। ২) অতিরিক্ত মহা পুলিশ পরিদর্শক(বিশেষ শাখা), রাজারবাগ, ঢাকা। ৩) কমিশনার, ঢাকা মেট্রোপলিটন পুলিশ, ঢাকা। ৪) মুখ-সচিব(প্রশাসন), বেসামরিক বিমান পরিবহণ ও পর্যটন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। ৫) জেলা প্রশাসক, ঢাকা। ৬) উপসচিব(পর্যটন-৩), বেসামরিক বিমান পরিবহণ ও পর্যটন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। ৭) সচিব মহোদয়ের একান্ত সচিব, বেসামরিক বিমান পরিবহণ ও পর্যটন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। ৮) মহাসচিব, এসোসিয়েশন অব ট্রাভেল এজেন্ট অব বাংলাদেশ(আটাব), সাতারা সেন্টার, ৩০/এ, নয়া পল্টন, (১৬ তলা), ঢাকা-১০০০। ৯) ব্যবস্থাপক, ইন্টারন্যাশনাল রিলেশনশিপ, আইএটিএ বাংলাদেশ, হোসনা সেন্টার, (৩য় তলা), স্টাট-১২০, ১০৬, গুলশান এভিনিউ, ব্লক-এসই(সি), গুলশান, ঢাকা। ১০) বাংলাদেশে অবস্থিত সকল এয়ারলাইন্সমুহ----- ১১) প্রোগ্রামার এ মন্ত্রণালয়(ওয়েব সাইটে প্রকাশে জন্য)। ১২) জনাব মো: রাশেদুল হক, স্বত্বাধিকারী, ইয়াসমিন ট্রাভেলস এন্ড টুরস, ১৬৭/৬, ফকিরাপুল, ডিআইটি এক্স. রোড, ঢাকা। <p>(মিজানুর রহমান) অতিরিক্ত সচিব বেসামরিক বিমান পরিবহণ ও পর্যটন মন্ত্রণালয়</p>	